



কৃষিবিদ মোঃ আজিজুর রহমান

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
নরসিংদী

কৃষিবিদ মোঃ আজিজুর রহমান, উপপরিচালক, বিসিএস (কৃষি), (পরিচিতি নং-১৮৬৪) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নরসিংদী কার্যালয়ের প্রধান হিসেবে ১০ জানুয়ারি ২০২৩ খ্রিঃ তারিখে যোগদান করেন। নরসিংদী কার্যালয়ে যোগদানের পূর্বে তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট জেলার উপপরিচালক হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন পদে এবং কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউটের মুখ্য প্রশিক্ষক হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেন।

কৃষিবিদ মোঃ আজিজুর রহমান ১৭ ডিসেম্বর ১৯৭০ খ্রিঃ তারিখে জামালপুর জেলার সদর উপজেলার নান্দিনা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা জনাব মোঃ আবেদ আলী জামালপুর জেলার সদর উপজেলার সরকারি মাধ্যমিক উচ্চবিদ্যালয়ের একজন শিক্ষক ছিলেন এবং মাতা রাবেয়া খাতুন একজন গৃহিনী।

কৃষিবিদ মোঃ আজিজুর রহমান, জামালপুর সদর উপজেলাধীন নান্দিনা মহারানী হেমন্ত কুমারী সরকারী পাইলট উচ্চ বিদ্যালয় হতে ১৯৮৬ সালে এসএসসি এবং নান্দিনা মহাবিদ্যালয় হতে ১৯৮৮ সালে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং উভয় পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ হতে কৃতিত্বের সাথে কৃষি বিভাগে স্নাতক এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে উদ্যানতত্ত্বের উপর এম.এস ডিগ্রী অর্জন করেন।

কৃষিবিদ মোঃ আজিজুর রহমান বিসিএস (কৃষি) অষ্টাদশ ব্যাচের একজন কর্মকর্তা। ২৫ জানুয়ারি ১৯৯৯ সালে তিনি কৃষি সম্প্রসারণ অফিসার হিসেবে উপজেলা কৃষি অফিস, শাহজাদপুর, সিরাজগঞ্জ এ প্রথম কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি নেত্রকোনা জেলার আটপাড়া উপজেলার কৃষি অফিসার, শেরপুর জেলার অতিরিক্ত উপপরিচালক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট শেরপুর এর মুখ্য প্রশিক্ষক, বাগেরহাট জেলার উপপরিচালক এবং অদ্যবধি নরসিংদী জেলার উপপরিচালক হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করে আসছেন।

কৃষিবিদ মোঃ আজিজুর রহমান একজন মেধাবী, চৌকস, সৎ এবং দক্ষ কৃষিবিদ হিসেবে দাপ্তরিকভাবে খ্যাতি অর্জন করেছেন। বর্তমান সরকারের ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতি ইঞ্চি জমি আবাদের আওতায় এনে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এবং এসডিজি অর্জনে তিনি দৃঢ় সংকল্পবদ্ধ। কৃষিবিদ মোঃ আজিজুর রহমান ব্যক্তিগত জীবনে বিবাহিত, উনার স্ত্রী একজন গৃহিনী এবং তিনি দুই কন্যা সন্তানের জনক।